# আত্ তারগীব ওয়াত্ তারহীব

## হাদিস নাম্বারঃ ৩৫২

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৩) পাঁচ ওয়াক্ত নামায আদায় করা উহার প্রতি যত্নবান হওয়া এবং উহা ওয়াজেব হওয়ার ব্যাপারে ঈমান রাখার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في الصلوات الخمس والمحافظة عليها والإيمان بوجوبها

আরবী

(صحيح) وَ عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ أَرَأَيْتُمْ لَوْ أَنَّ نَهَرًا بِبَابِ أَحَدِكُمْ يَغْتَسِلُ مِنْهُ كُلَّ يَوْمٍ خَمْسَ مَرَّاتٍ هَلْ يَبْقَى مِنْ دَرَنِهِ شَيْءٌ قَالُوا لَا يَبْقَى مِنْ دَرَنِهِ شَيْءٌ قَالَ فَكَذَلِكَ مَثَلُ الصَّلَوَاتِ الْخَمْسِ يَمْحُو اللَّهُ بِهِنَّ الْخَطَايَا

رواه البخاري ومسلم والترمذي والنسائي

বাংলা

৩৫২. (সহীহ্) আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমি শুনেছি রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) একথা বলেছেনঃ ”তোমরা কি মনে কর তোমাদের কারো ঘরের দরজায় সামনে যদি একটি নদী থাকে এবং সেখানে প্রতিদিন সে পাঁচবার গোসল করে, তাহলে কি তার শরীরে কোন ময়লা অবশিষ্ট থাকবে?”

তাঁরা বললেনঃ না, তার শরীরে কোন ময়লা অবশিষ্ট থাকবে না।
তিনি বললেনঃ ”অনুরূপ উদাহরণ হচ্ছে পাঁচ ওয়াক্ত নামাযের, এর দ্বারা আল্লাহ তা’আলা বান্দার গুনাহ্ সমূহ মিটিয়ে দেন।”[1]

(বুখারী ৫২৮, মুসলিম ৬৬৭, তিরমিযী ২৮৬৮ ও নাসাঈ হাদীছটি বর্ণনা করেছেন)

ফুটনোট

[1] . ইবনুল আরাবী বলেনঃ এই দৃষ্টান্তের স্বরূপ হচ্ছেঃ বাহ্যিক ময়লা-আবর্জনা যেমন মানুষের শরীর ও

কাপড়কে ময়লাযুক্ত করে এবং অধিক পানির মাধ্যমে তা পরিস্কার করতে হয়। অনুরূপভাবে নামায সমূহ বান্দার গুনাহের আবর্জনাকে পরিস্কার করে দেয়। এমনকি তার প্রত্যেকটি গুনাহকে মোচন করে দেয় ও ঝরিয়ে দেয়। (আল্লাহই অধিক জ্ঞান রাখেন)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88123

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন